

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)



কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা, ঢাকা
(সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ)
ওয়েব সাইট: www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৫.২২.০১৭.২০১৭- ৫৭২


তারিখ: ০২ কার্তিক, ১৪২৪
২৪ অক্টোবর, ২০১৭

অফিস আদেশ

দি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর ৮১ নম্বর বিধি মোতাবেক সরাসরি নগদ ক্রয় পদ্ধতি অনুসরণ করে স্বল্প মূল্যের পণ্য এবং জরুরী ও আবশ্যিকীয় সেবা (যেমন-রক্ষণাবেক্ষণ, মেরামত, পরিবহন এবং অন্যান্য সেবা) কাজ সম্পাদন করার ক্ষেত্রে সকল আহরণ ও ব্যয়ণ কর্মকর্তাদের 'হেড অব প্রকিউরিং এন্টিটি' অর্থাৎ চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নরূপ গ্রেডভিত্তিক আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো:

জুনিয়র এক্সিকিউটিভ/এক্সিকিউটিভ	সিনিয়র এক্সিকিউটিভ	জুনিয়র এ্যাডমিনিষ্ট্রেটিভ	এ্যাডমিনিষ্ট্রেটিভ	সিনিয়র এ্যাডমিনিষ্ট্রেটিভ
৫,০০০/-	১০,০০০/-	১৫,০০০/-	২০,০০০/-	২৫,০০০/-

- ২। সরাসরি নগদ ক্রয়ের ক্ষেত্রে কোন অবস্থাতেই উপরের হুকে বর্ণিত অর্থের পরিমাণ অতিক্রম করা যাবে না। প্রতি ক্রয়ের ক্ষেত্রে অনধিক ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা খরচ করা যাবে। তবে প্রতি বৎসরে অনধিক ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত খরচ করা যাবে।
- ৩। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট থেকে লিখিত পূর্বানুমোদন গ্রহণপূর্বক ৮১ বিধি মোতাবেক সরকারি প্রতিষ্ঠান থেকে স্বল্প মূল্যের পণ্য এবং জরুরী ও অত্যাবশ্যিকীয় সেবা যেমন-রক্ষণাবেক্ষণ, মেরামত, পরিবহণ, এবং অন্যান্য সেবা ক্রয় করা যাবে।
- ৪। সরকারী ক্রয় পদ্ধতি অনুযায়ী কাজ সম্পাদনের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর বিধি ৭৪, ৭৫, ৭৬ ও ৮১ যথাযথভাবে অনুসরণ করতে হবে। কোন অবস্থাতেই এর ব্যত্যয় ঘটানো যাবে না।
- ৫। কোন ক্ষেত্রে অর্পিত ক্ষমতার অতিরিক্ত মূল্যে পণ্য/সেবা ক্রয়, মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং ক্ষুদ্র আকারের নির্মাণ কাজ সম্পাদন করতে হলে আর্থিক ক্ষমতাপ্রাপ্ত নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট থেকে পূর্বেই প্রশাসনিক ও আর্থিক অনুমোদন গ্রহণ করতে হবে।
- ৬। কোন ক্ষেত্রে প্রদত্ত আর্থিক ক্ষমতাবহির্ভূত ও বাজেটের অতিরিক্ত ব্যয় করা যাবে না।
- ৭। যে সকল প্রতিষ্ঠানের নিকট থেকে পণ্য/সেবা ক্রয় করা হবে অথবা মেরামত, রক্ষণাবেক্ষণের কাজ সম্পাদন করা হবে ঐ সকল প্রতিষ্ঠানসমূহের অবশ্যই ভ্যাট রেজিস্ট্রেশন ও টি আই এন নম্বর থাকতে হবে।
- ৮। ইতোপূর্বে জারীকৃত সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগের স্মারক নং: সওব্য/পুনর্গঠন/আ-১/৪/১৯৭৮-২০০৯/৯৫(৭০), তারিখ: ১৫/০২/২০১০ অফিস আদেশটি আংশিকভাবে সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।
- ৯। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(তুলসী রঞ্জন সাহা)

সচিব
বিএডিসি, ঢাকা।

ফোন নং-৯৫৬৪৩৫৯

secretary@badc.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। বিএডিসি, ঢাকা।

(সকল দপ্তর/বিভাগীয় প্রধান)

✓ প্রধান (মনিটরিং), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ/বীজ ও উদ্যান /অর্থ/সার ব্যবস্থাপনা)/সচিব মহোদয়ের সহকারী বাস্তবগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।